



## হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনসিটিউট

১২০/৩, দারুমস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬

ফ্যাক্স: ৯০৩৫০২৫৭

[www.hbri.gov.bd](http://www.hbri.gov.bd)

আরক নং: ২৫.৪৪.২৬০০.০০০.০৬.০৬০.১৬- ৩ ১৮৯

তারিখ: ১২-০৪-২০২২

### রিসার্চ ফেলোশীপ প্রস্তাব আহ্বান

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনসিটিউট (এইচবিআরআই) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ গৃহায়ন ও নির্মাণ বিষয়ক জাতীয় গবেষণা প্রতিষ্ঠান। অত্র প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে এইচবিআরআই গবেষণা খাতের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নির্মাণ উপকরণ বিভাগে ০২ (দুই) জন এবং গৃহায়ন বিভাগে ০২ (দুই) জন, সর্বমোট ০৪ (চার) জন রিসার্চ ফেলো নিয়োগ করা হবে। আগুন্তক প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ছকে সুনির্দিষ্ট (নিম্নে বর্ণিত বিষয়াবলী বিবেচনাপূর্বক) প্রকল্প প্রস্তাবনাসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### ১. নির্মাণ উপকরণ বিভাগ :

দেশীয় নির্মাণ উপকরণের মান উন্নীতকরণ ও সর্বোচ্চ ব্যবহার, নির্মাণ শিল্পের দক্ষতা ও গুণগত মান বৃদ্ধি, উন্নত নির্মাণ কৌশল ও প্রযুক্তির ব্যবহারসহ বিভিন্ন ধরণের নির্মাণ উপকরণ ও এডমিনিস্ট্রেশন বিষয়ক।

#### ২. গৃহায়ন বিভাগ:

Affordable Housing and Building Technology, সাসটেইনেবল বিল্ডিং ডিজাইন, বিল্ডিং এনার্জি ইফিসিয়েন্সি, আবাসনাইজেশন ও প্লানিং বিষয়ক।

উল্লেখ্য যে, প্রস্তাবিত প্রকল্পের মেয়াদ কোনোক্রমেই ০২ (দুই) বছরের অধিক হবে না।

#### শর্তাবলী:

- ন্যূনতম যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পূরকৌশল/রসায়ন শাস্ত্র/ ফলিত রসায়ন/ পদার্থ বিদ্যা/ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/স্থাপত্য বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী।
- চাহিত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীদের অধাধিকার দেয়া হবে।
- প্রার্থীর বয়স ৩০-০৪-২০২২ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর।
- সর্বসাকুল্যে মাসিক ভাতার পরিমাণ টাকা-৩৫,০০০.০০ (পাঁয়ত্রিশ হাজার)।
- আবেদন ফরম নিম্ন-স্বাক্ষরকারীর দণ্ডে সরাসরি অথবা [www.hbri.gov.bd](http://www.hbri.gov.bd) ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে।
- বিস্তারিত তথ্যের জন্য অত্র অফিসে যোগাযোগ করা যেতে পারে।
- আবেদন পত্রের সাথে সদ্য তোলা ৩ (তিনি) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা প্রস্তাব। আবেদনপত্র সরাসরি/ডাকযোগে ৩০-০৪-২০২২ তারিখের মধ্যে মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনসিটিউট, ১২০/৩, দারুমস- সালাম, মিরপুর ঢাকা-১২১৬ বরাবর পৌছাতে হবে।
- নির্ধারিত সময়ের পূর্বে ফেলোশীপ হতে ইন্সফা প্রদান করতে চাইলে তাকে অবশ্যই প্রস্তাবিত গবেষণা প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্প্রসাৰণ করতে হবে এবং প্রজেক্ট কমপ্লিশান রিপোর্ট দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ কোনো কারণ দর্শনো ব্যতিরেকে বিজ্ঞপ্তিতে প্রকাশিত ফেলোশীপের সংখ্যা পরিবর্তন করতে পারবেন।

১২০/৩  
০৪-০৪-২২  
(আহসান হাবিব)

প্রজেক্ট অফিসার (অধা.):

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনসিটিউট

১২০/৩, দারুমস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬